



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

M/C ২৪৭২৪



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১২২৯৬৭১/লালমনিরহাট -৩২/ ১১৪০ / ৪

তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার সদর উপজেলাধীন বড়বাড়ী ফজলুল হক দাখিল মাদ্রাসায় অবৈধভাবে নবগঠিত ম্যানেজিং কমিটির বিষয়ে বড়বাড়ী ইউনিয়নের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব এস এম আশরাফুল হক (মিঠু) অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-ভারপ্রাপ্ত সুপার কাউকে কিছু না জানিয়ে মোটা অংকের টাকার বিনিময়ে উপজেলা শিক্ষা অফিসারকে নিয়ে গোপনে কমিটির কাজ সম্পন্ন করে উক্ত কমিটি অনুমোদনের জন্য বোর্ডে দাখিল করেছেন। দাখিলকৃত কমিটি ত্রুটিপূর্ণ বিধায় অত্র কমিটি বাতিলের জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (.....) পাতা।

উপজেলা নির্বাহী অফিসার  
সদর, লালমনিরহাট।

স্বঃ

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১২২৯৬৭১/লালমনিরহাট -৩২/১১৪০ / ৪

তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, লালমনিরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, লালমনিরহাট;
৪. সভাপতি, বড়বাড়ী ফজলুল হক দাখিল মাদ্রাসা, সদর, লালমনিরহাট;
৫. সুপার, বড়বাড়ী ফজলুল হক দাখিল মাদ্রাসা, সদর, লালমনিরহাট;
৬. জনাব এস এম আশরাফুল হক (মিঠু), অভিযোগকারী, গ্রাম: আইর খামার, ডাকঘর: খেদাবাগ, সদর, লালমনিরহাট;
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪